সমকাল

তারিখ ... 15 AUG 2015 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# ছাত্রদলের ওয়েবসাইট হ্যাক

■ সমকাল প্রতিবেদক

১৫ আগস্ট জাতীয় শোক দিবসে বিএনপি চেয়ারপারসনের 'জন্মদিন' পালন না করার আহ্বান জানিয়ে জাতীয়তাবাদী ছাত্রদলের ওয়েবসাইট হ্যাক করেছে হ্যাকাররা। গতকাল সন্ধ্যার দিকে সাইবার সেভেনটি ওয়ান নামে একটি সংগঠন এ ওয়েবসাইটটি হ্যাক করে।

ছাত্রদলের দপ্তর সম্পাদক আবদুস সাত্তার পাটোয়ারী বলেন, কারা যেন সংগঠনের ওয়েবসাইটটি হ্যাক করেছে। শিগগিরই এটা পুনর্গঠন করা হবে বলে জানান তিনি।

হ্যাক হয়ে যাওয়া ওয়েবসাইটে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার পাশাপাশি দুটি চেয়ারে আলাপরত অবস্থায় দেখা যায়। এর ওপরে বাংলা বানানে লেখা ছিল 'বাংলার নবাব ইজ ব্যাক'। একইসঙ্গে ইংরেজিতে লেখা ছিল হ্যাকড বাই 'হ্যাক্সর আহমেদ।'

ছবির নিচে ১৫ আগস্ট জন্মদিন পালনের নামে আগের মতো সহিংস পরিস্থিতি তৈরি না করতে ছাত্রদলের প্রতি আহ্বান জানানো হয়।